

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২১৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ নশ্বর দুনিয়ার ব্যাপারে প্রতিযোগিতা করার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আশংকা

ذِكْنُ الْإِخْبَارِ بِأَنَّ التَّنَافُسَ فِي هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ مِمَّا كَانَ يَتَخَوَّفُ الْمُصِطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أُمَّتِهِ مِنْهُ

আরবী

3214 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عن يزيد بن أبي حبيب أَبَا الْخَيْرِ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ الجُهنيُّ يَقُولُ: آخِرُ مَا خَطَبَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الله صَلَّى عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنِي لَكُمْ فَرَطُ أَنه صَلَّى عَلَى شُهُدَاءِ أُحُد ثمَّ رَقِيَ الْمِنْبَرِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنِي لَكُمْ فَرَطُ أَنه صَلَّى عَلَى شُهِدَاء أُخُد ثمَّ رَقِيَ الْمِنْبَرِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنِي لَكُمْ فَرَطُ وَأَنا عَلَيْكُمْ شَهِيدٌ وَأَنا أَنْظُرُ إِلَى حَوْضِي الْآنَ فِي مَقَامِي هَذَا وَإِنِّي وَاللَّهِ مَا أَخَافُ أَنْ وَأَنا عَلَيْكُمْ شَهِيدٌ وَأَنا أَنْظُرُ إِلَى حَوْضِي الْآنَ فِي مَقَامِي هَذَا وَإِنِّي وَاللَّهِ مَا أَخَافُ أَنْ تُشْرِكُوا بَعْدِي وَلَكِنِي أُرِيتُ أَنِي أُعْطِيتُ مَفَاتِيحَ خَزَائِنِ الْأَرْضِ فَأَخَافُ عليكم أَن تَنافسوا فيها).

الراوي: عُقْبَة بْن عَامِرٍ الجُهنيُّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3214 | خلاصة حكم المحدث: صحيح – ((الأحكام)) (ص 107): ق.

বাংলা

৩২১৪. উকবাহ আল আমির আল জুহানী রাদ্বিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম আমাদের সর্বশেষ যে ভাষন দিয়েছিলেন, সেটা ছিল এমন যে, তিনি উহুদ যুদ্ধের শহীদদের জন্য সালাত আদায় করেন। তারপর তিনি মিম্বারে উঠেন অতঃপর তিনি আল্লাহর প্রশংসা ও গুণ-কীর্তন করেন। তারপর তিনি বলেন, "নিশ্চয়ই আমি তোমাদের আগে চলে যাবো। আমি তোমাদের ব্যাপারে সাক্ষ্য দিবো। আমি এখন আমার এই জায়গা থেকে আমার হাওযে কাওসার দেখতে পাচ্ছি। আল্লাহর কসম! নিশ্চয়ই আমি এই আশংকা করি না যে, তোমরা আমার পরে শিরক করবে কিন্তু আমাকে দেখানো হয়েছে যে, আমাকে দুনিয়ার ধন-



ভান্ডারের চাবিকাঠিসমূহ প্রদান করা হয়েছে। কাজেই আমার আশংকা হয় যে, তোমরা তাতে প্রতিযোগিতায় লিপ্ত হয়ে যাবে!"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৪৯; সহীহুল বুখারী: ১৩৪৪; সহীহ মুসলিম: ২২৯৬; আবূ দাউদ: ৩২২৩; নাসাঈ: ৪/৬১-৬২; হাকিম: ১/৩৬৬; সুনান বাইহাকী: ৪/১৪; বাগাবী: ৩৮২৩; তাবারানী: ১৭/৭৬৭; আবূ ইয়ালা: ১৭৪৮; বাগাবী: ৩৮২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন